

শিক্ষককে লাঞ্ছিত করায় পরীক্ষার্থীর সাজা

শ্যামনগর (সাতীরা) সংবাদদাতা
শ্যামনগরে পরীক্ষা হলে দায়িত্বরত
শিক্ষককে লাঞ্ছিত করার অভিযোগে
এক পরীক্ষার্থীকে সাজা দেয়া হয়েছে।
রবিবার শ্যামনগর আতরজান মহিলা
মহাবিদ্যালয় কেন্দ্রে ইংরেজী দ্বিতীয় পত্র
পরীক্ষা শেষে এ ঘটনা ঘটে।

সাজাপ্রাপ্ত শিক্ষার্থীর নাম মাসুম
বিলাহ (১৮)। সে শ্যামনগর সরকারি
মহসীন কলেজের মানবিক বিভাগের
ছাত্র। রবিবার বিকাল ৫টার দিকে
পরীক্ষার্থী মাসুম বিলাহকে অটক করে
উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট আহসান
উল্লাহ শরীফি ভাবামার্গে আদালত
বসিয়ে ৬ মাসের সাজা দেন।